

ঢাকা ওয়াসা

২০২৫-২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।

কাজের ছবি।

প্রাক্কলন।

বিষয়ঃ মডস জোন-১ এর আওতাধীন আইজি গেইট স্টাফ কোয়ার্টার পাম্পের সামনে ক্ষতিগ্রস্ত পয়ঃ লাইন পরিবর্তন এবং আল-অবরার মডেল মাদ্রাসা ও বিটিসিএল হরিচরণ রায় রোডে সুয়ারেজ লাইনের ওভার-ফ্লো/ব্লক নিরসন কাজ প্রসঙ্গে।

১। উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-১ এর আওতাধীন হোল্ডিং নং-আল-অবরার মডেল মাদ্রাসা ও বিটিসিএল হরিচরণ রায় রোড এলাকায় বিদ্যমান পয়ঃ লাইন ও ম্যানহোল সমূহ ব্লকেজ হয়ে ওভার ফ্লো হওয়া মর্মে স্থানীয় সম্মানিত গ্রাহকগণ এবং ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের নির্বাহী প্রকৌশলী অত্র অফিসে অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী প্রকৌশলী সহ সংশ্লিষ্ট এলাকা সরেজমিনে পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, বর্ণিত হোল্ডিং সমূহের সামনের রাস্তায় পয়ঃ লাইন ও ম্যানহোল সমূহ ব্লকেজ হয়ে ওভার ফ্লো হচ্ছে এবং আইজি গেইট স্টাফ কোয়ার্টার পাম্পের সামনে পয়ঃ লাইন ড্যামেজ হয়ে গেছে এতে করে সুয়ারেজের পানি নিষ্কাশন না হওয়ায় এলাকায় অনেক দুর্গন্ধ ছড়াচ্ছে ও পরিবেশ দূষিত হচ্ছে। এছাড়াও রাস্তার পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টি হচ্ছে। এতে রাস্তার ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনাও রয়েছে। বর্ণিত এলাকার অধিবাসীগণের নিকট হতে প্রায়ই অভিযোগ পাওয়া যাচ্ছে। তাই জরুরী ভিত্তিতে বর্ণিত এলাকা সমূহের ক্ষতিগ্রস্ত পয়ঃ লাইন পরিবর্তন ও পয়ঃ ওভার ফ্লো সমস্যা নিরসন কাজ অত্যন্ত জরুরী ভিত্তিতে কাজ করা প্রয়োজন। সেই লক্ষে বিষয় বর্ণিত কাজটি সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য পূর্বানুমোদিত ও বর্তমান বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনের টাকার পরিমাণ দাড়িয়েছে টাঃ ৪৮,৯৫৪.১৬ (আটচল্লিশ হাজার নয়শত চুয়ান দশমিক এক ছয়) টাকা মাত্র (ক্রঃ নং-৩)। উক্ত কাজের যাবতীয় মালামাল ও লেবার ঠিকাদার কর্তৃক সরবরাহ করে কাজ সম্পন্ন করা হবে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং-WR-05-(B)-14 এর সুয়ার লাইন রক্ষনাবেক্ষন খাত হতে নির্বাহ করা হবে। **জনস্বার্থে কাজটি জরুরী ভিত্তিতে সম্পন্ন করা প্রয়োজন।**

২। এমতাবস্থায়, মডস জোন-০১ এর মডস জোন-১ এর আওতাধীন আইজি গেইট স্টাফ কোয়ার্টার পাম্পের সামনে ক্ষতিগ্রস্ত পয়ঃ লাইন পরিবর্তন এবং আল-অবরার মডেল মাদ্রাসা ও বিটিসিএল হরিচরণ রায় রোডে সুয়ারেজ লাইনের ওভার-ফ্লো/ব্লক নিরসন কাজটি পি.পি.আর-২০২৫ এর বিধি ৯৯/১(ড) অনুযায়ী ঠিকাদার এ. এফ. এল এন্টারপ্রাইজ এর সাথে সরাসরি চুক্তি (DPM) প্রক্রিয়ার মাধ্যমে জরুরী ভিত্তিতে সম্পন্ন করার জন্য উপস্থাপিত টাঃ ৪৮,৯৫৪.১৬ (আটচল্লিশ হাজার নয়শত চুয়ান দশমিক এক ছয়) টাকার প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে। **যা অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।**

০২/০১/২৫
মোঃ মিজানুর রহমান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

০২/০১/২৫
মোঃ মেহেদী হাসান
সহকারী প্রকৌশলী
মডস জোন-১, ঢাকা ওয়াসা।

০২/০১/২৫
মোঃ সফিয়ার হোসেন
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-১
ঢাকা ওয়াসা।

০৪/০১/২৫
মোঃ ফিরোজ আলম
উপসহকারী প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

০২/০১/২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।